গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-০২
www.rdcd.gov.bd

নম্বর: ৪৭.০০.০০০০.০৩২.০৬.০২৫.২৪.২৮৪

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩২ / ১৩ জুলাই ২০২৫

প্রজ্ঞাপন

বাংলাদেশ রেলওয়ে একটি জাতীয় পরিবহণ ব্যবস্থা। সমগ্র রেলওয়ে প্রশাসনের কর্মচারী নিয়ে গঠিত বাংলাদেশ রেলওয়ে সমবায় ঋণদান সমিতি (সীমিত), চট্টগ্রাম-এর সদস্য সংখ্যা ২৪,৩০০ জন। এত অধিক সংখ্যক রেলওয়ে কর্মচারীদের বার্ষিক সাধারণ সভায় উপস্থিতির জন্য একসাথে ছুটি প্রদান করা হলে রেল পরিচালনায় বিঘ্ন ঘটার আশঙ্কা রয়েছে এবং দাপ্তরিক কাজে অচলাবস্থার সৃষ্টিসহ জনস্বার্থ ব্যাহত হতে পারে।

০২। বর্ণিতাবস্থায়, রেল পরিচালনা নির্বিঘ্ন রাখা ও দাপ্তরিক কাজ অব্যাহত রাখার নিমিত্ত বিশেষ পরিস্থিতি বিবেচনা করে বাংলাদেশ রেলওয়ে সমবায় ঋণদান সমিতি (সীমিত), চট্টগ্রাম-এর কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে পরিচালনার লক্ষ্যে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের জন্য সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩)-এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতা বলে সরকার জনস্বার্থে উক্ত সমিতির বার্ষিক সাধারণ সভা প্রতিনিধি/ডেলিগেট-এর মাধ্যমে অনুষ্ঠানের জন্য সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০)-এর ২১(১) বিধির প্রয়োগ হতে এককালীন অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৩.০৭.২৫

(মোঃ আমীনুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮-০২-২২৩৩৫৫৫৬৩
e-mail: admin2.section@rdcd.gov.bd

নম্বর: ৪৭.০০.০০০০.০৩২.০৬.০২৫.২৪.২৮৪/১(১২)

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩২ / ১৩ জুলাই ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৪। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৬। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)।
৭। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম।
৮। সিস্টেম অ্যানালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। জনাব মোঃ সাখাওয়াত হোসেন, সচিব, বাংলাদেশ রেলওয়ে সমবায় ঋণদান সমিতি, সিআরবি, রেল ভবন চট্টগ্রাম।
১০। জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, চট্টগ্রাম।
১১। মাস্টার ফাইল/অফিস কপি।